জেলা পরিষদ
মানিকগঞ্জ



zp.manikganj.gov.bd

স্মারক নং-জেপ-৪৬.০০.৩০৫৬.০০০.০০১.০৩.০০০০.২৫.২০২৬.৬০৬

তারিখ: ১৮ কার্তিক ১৪৩৩ / ০৩ নভেম্বর ২০২৬

গাছ নিলাম দরপত্র আহবানের বিজ্ঞপ্তি নং-০১/২০২৬-২০২৭

১। নিলামের বিষয় ঃ সাটুরিয়া ও শিবালয় ডাকবাংলোর বাউন্ডারী ওয়ালের মাঝে হেলে পড়া ০৩টি মেহগনি গাছ।

২। বায়নার টাকা (নিলাম দরপত্রের সিকিউরিটি) ঃ নিলাম দরদাতা কর্তৃক উদ্ধৃত দরের ১০০% সিকিউরিটি দাখিল করতে হবে।

৩। বৃক্ষাদি অপসারণের সময়সীমা ঃ কার্যাদেশ তারিখ হতে ২০ (বিশ) দিন।

৪। নিলাম দরদাতার যোগ্যতা ঃ সরকারী তালিকাভুক্ত ঠিকাদার/ প্রাইভেট কোম্পানী/ কাঠ ব্যবসায়ী ও আর্থিক স্বচ্ছল যে কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান।

৫। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৬। নিলাম দরপত্র দলিলের মূল্য ঃ ১০০০/- টাকা।

৭। যে সমস্ত অফিসে নিলাম দরপত্র বিক্রয় করা হবে ঃ জেলা পরিষদ কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় স্থানীয় সরকার শাখা) মানিকগঞ্জ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শিবালয়/ সাটুরিয়া, মানিকগঞ্জ এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মানিকগঞ্জ হতে নির্ধারিত তারিখ ও সময় পর্যন্ত ক্রয় করা যাবে।

৮। দরপত্র গ্রহণকারী অফিসের নাম ঃ জেলা পরিষদ কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা) মানিকগঞ্জ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শিবালয়/ সাটুরিয়া, মানিকগঞ্জ হতে নির্ধারিত তারিখ ও সময় পর্যন্ত দাখিল করা যাবে।

৯। অফিস চলাকালীন সময়ে বিস্তারিত সকল তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে এবং আগ্রহী ক্রেতাগণ যে কোন দিন সাটুরিয়া ও শিবালয় ডাকবাংলোর বাউন্ডারী ওয়ালের মাঝে হেলে পড়া গাছগুলো সরেজমিনে (নিজ খরচে) দেখতে পারবেন। এ ব্যাপারে পরবর্তীতে কোন ওজর আপত্তি গৃহীত হবে না এবং দরপত্র খোলার দিন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত থাকতে পারবেন। দফাওয়ারী তফসিলে নিলাম দরপত্রের নিয়মাবলী/শর্তাবলী নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরসহ, যে সকল দপ্তরে দরপত্র বিক্রয়ের ব্যবস্থা আছে, সে সকল কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে নির্দিষ্ট তারিখ ও সময় পর্যন্ত উপরোক্ত ক্রমিক নং ৮এ বর্ণিত অফিসসমূহ হতে পাওয়া যাবে।

বিজ্ঞপ্তির সময়সূচী

পর্যায়	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম কিস্তি	১৭/১১/২০২৬ খ্রি:	১৮/১১/২০২৬ খ্রি: বেলা ১.০০ ঘটিকা	১৮/১১/২০২৬ খ্রি: বেলা ২.০০ ঘটিকা
২য় কিস্তি	২৫/১১/২০২৬ খ্রি:	২৬/১১/২০২৬ খ্রি: বেলা ১.০০ ঘটিকা	২৬/১১/২০২৬ খ্রি: বেলা ২.০০ ঘটিকা
৩য় কিস্তি	০৭/১২/২০২৬ খ্রি:	০৮/১২/২০২৬ খ্রি: বেলা ১.০০ ঘটিকা	০৮/১২/২০২৬ খ্রি: বেলা ২.০০ ঘটিকা

যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

পিন্টু বেপারী
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মানিকগঞ্জ
ফোন- ০২৯৯৬৬১০৩৩২

CamScanner